



নির্বাচন কমিশন নিয়ে বিতর্ক, মোদি বললেন ভারত গণতন্ত্রের জননী



নরেন্দ্র মোদি। ছবি: সংগৃহীত

ভারতের নির্বাচন কমিশনের বিরুদ্ধে ভোট কারচুপির অভিযোগ তুলে প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে আন্দোলন জোরালো করছে বিরোধী দলগুলো। এর মধ্যেই দেশটির গণতন্ত্র ও রাজনৈতিক সহাবস্থান নিয়ে বক্তব্য দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

মঙ্গলবার (১৩ অক্টোবর) দিল্লিতে ক্রুমবার্গ ইকোনমিক ফোরামে মোদি বলেন, ‘ভারত গণতন্ত্রের জননী।’ দেশটির ভাষা, সংবাদমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমের ব্যাপক উপস্থিতি তুলে ধরে তিনি বলেন, মানুষ বিভিন্ন বিষয়ে খোলামেলাভাবে বিতর্ক করেন। ডিজিটাল প্রযুক্তি নাগরিকদের ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলেও মন্তব্য করেন তিনি।

মোদি আরও বলেন, ভারতের অর্থনৈতিক প্রবৃদ্ধি সংস্কার ও শক্তিশালী ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে। এপ্রিল-জুন প্রান্তিকে ৭ দশমিক ৮ শতাংশ প্রবৃদ্ধি এবং ৭০০ বিলিয়ন ডলারের বেশি বৈদেশিক মুদ্রার রিজার্ভের কথাও উল্লেখ করেন তিনি। বিশ্বে বাণিজ্য ও ভূরাজনৈতিক অনিশ্চয়তার মধ্যেও ভারতকে নির্ভরযোগ্য অর্থনৈতিক অংশীদার হিসেবে তুলে ধরেন প্রধানমন্ত্রী।

তবে মোদির বক্তব্যের আগের দিনই দিল্লিতে নির্বাচন কমিশনের বিরুদ্ধে বিক্ষোভে পুলিশের দমন-পীড়নের অভিযোগ ওঠে। বিক্ষোভকারী, আইনজীবী ও সাংবাদিকদের ওপর হামলার অভিযোগে মামলাও হয়। এ ঘটনায় জাতিসংঘ উদ্বেগ জানিয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।